

কাতারের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে ভারতের সরকারি প্রতিক্রিয়া

সম্প্রতি সৌদি আরব রাজতন্ত্র এবং অন্য বেশ কয়েকটা দেশ কাতারের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছেদ করার পর উপসাগরীয় অঞ্চলের সাম্প্রতিক পরিস্থিতির দিকে আমরা নিবিড়ভাবে নজর রাখছি।

আমরা মনে করি, সকল পক্ষের আন্তরিক সম্মান ও সার্বভৌমত্ব এবং অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করে সুসংহত আন্তর্জাতিক নীতির ভিত্তিতে গঠনমূলক কার্যকলাপ ও শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে এই মত পার্থক্য দূর করতে হবে।

ভারত বিশ্বাস করে উপসাগরীয় অঞ্চলে শান্তি ও নিরাপত্তা ওই এলাকার ধারাবাহিক অগ্রগতি ও সমৃদ্ধির জন্য সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক সম্মানস্বাদ, হিংসাত্মক চরমপন্থা এবং ধর্মীয় অসহিষ্ণুতা শুধুমাত্র আঞ্চলিক স্থিতিশীলতার ক্ষেত্রেই নয়, একইসঙ্গে বিশ্বজনীন শান্তির ক্ষেত্রেও বড় ধাক্কা, যার প্রভাব থেকে বৃহত্তর আকারে অন্যান্য দেশের উপরও পড়বে।

জিসিসি দেশগুলির সঙ্গে ভারতের বহুকালব্যাপী বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। আট মিলিয়নের বেশি ভারতীয় ওই সব দেশে বসবাস করেন এবং চাকরি করেন, উপসাগরীয় অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতার ক্ষেত্রে আমাদের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

এই প্রেক্ষিতে ভারত ঘনিষ্ঠভাবে পরিস্থিতির দিকে নজর রাখছে এবং ওই অঞ্চলের দেশগুলির সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে। ওই সব দেশের কর্তৃপক্ষ ভারতকে আশ্বস্ত করেছে সে সব দেশে বসবাসকারী ভারতীয়দের কল্যাণ এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়টি নিশ্চিত করার বিষয়ে।

ওই অঞ্চলে বসবাসকারী প্রবাসীদের পরামর্শ দেওয়া হচ্ছে ভারতীয় দূতাবাস বা কনস্যুলেটে সঙ্গে যোগাযোগ করার জন্য, যাতে তাঁদের প্রয়োজনীয় সহায়তা করা সম্ভব হয়।

নয়াদিল্লি

জুন ১০, ২০১৭